

💵 সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ২৩৩৬

৯. কিতাবুস সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ আয়িশা রাদ্বিয়াল্লাহু আনহা যখন রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের সামনে শুয়ে থাকতেন, অতঃপর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম সাজদা করতে চাইলে আয়িশা রাদ্বিয়াল্লাহু আনহা কী করতেন তার বর্ণনা

ذِكْرُ مَا كَانَتْ عَائِشَةُ تَفْعَلُ عِنْدَ إِرَادَةِ الْمُصْطَفَى صَلِّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ السُّجُودَ وَهِيَ نائمة أمامه

আরবী

2336 _ أَخْبَرَنَا الْحُسَيْنُ بْنُ إِدْرِيسَ قَالَ: حَدَّثَنَا أَحْمَدُ بْنُ أَبِي بَكْرٍ عَنْ مَالِكٍ عَنْ أَبِي النَّصْرِ مَوْلَى عُمَرَ بْنِ عُبَيْدِ اللَّهِ عَنْ أَبِي سَلَمَةَ بْنِ عَبْدِ الرَّحْمَنِ عَنْ عَائِشَةَ أَنَّهَا قَالَتْ: كُنْتُ أَنَامُ بَيْنَ يَدَيْ رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ ورجلايَ فِي قِبْلتِهِ فَإِذَا سَجَدَ غَمَزَنى فَقَبَضِيْتُ رجليَّ وَإِذَا قام بستطهما.

قالت: والبيوت يومئذ ليس فيها مصابيح

الراوي: عَائِشَة | المحدث: العلامة ناصر الدين الألباني | المصدر: التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 2336 | خلاصة حكم المحدث: صحيح.

বাংলা

২০৩৬. আয়িশা রাদ্মিল্লাহু আনহা থেকে বর্ণিত, তিনি বলেন, "আমি রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের সামনে শুয়ে থাকতাম, আমার দুই পা তাঁর কিবলার স্থানে থাকতো, অতঃপর যখন তিনি সাজদা করতে চাইতেন, তখন তিনি চিমটি কাটতেন, ফলে আমি আমার পা গুটিয়ে নিতাম আবার যখন তিনি দাঁড়াতেন, তখন আমি আমার পা বিছিয়ে দিতাম।"

আয়িশা রাদ্বিয়াল্লাহু আনহা বলেন, "সে সময়ে বাড়িগুলোতে কোন বাতি ছিল না।"[1]

ফুটনোট



[1] মুয়াত্তা ইমাম মালিক: ১/১১৭; মুসনাদ আহমাদ: ৬/১৪৮; সহীহ আল বুখারী: ৩৮২; সহীহ মুসলিম: ৫১২; নাসাঈ: ১/১০২; মুসান্নাফ আব্দুর রাযযাক: ২৩৭৬; সুনান বাইহাকী: ২/২৬৪; বাগাবী: ৫৪৫; আবূ দাউদ: ৭১৩।

আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ হাদীসটিকে বুখারী ও মুসলিমের শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসিরুদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (আত তা'লীকাতুল হিসান: ২৩৩৫)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ আয়িশা বিনত আবৃ বাকর সিদ্দীক (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন